

অগ্নি নির্বাপক

আপনার বাড়িকে আগুন থেকে নিরাপদ রাখুন

স্মোক ডিটেক্টরস

আপনার সম্পত্তিতে থাকা স্মোক ডিটেক্টরগুলি কাজ করছে এবং তাদের সাপ্তাহিক পরীক্ষা করা নিশ্চিত করুন।

যদি আপনার মনে হয় স্মোক ডিটেক্টরগুলির কোনোটা কাজ করছে না অথবা বিপরিপ করছে, তাহলে সরাসরি আমাদের জানান। স্মোক ডিটেক্টর কখনো ঢাকবেন না বা সরাবেন না।

আপনি কি জানতেন?

কার্যকরী স্মোক ডিটেক্টর থাকলে রাতেরবেলা আপনার আগুন থেকে বাঁচার সম্ভাবনা চারগুণ বেশি থাকে।



বৈদ্যুতিক দিক থেকে সচেতন থাকুন

- ়োন ফিউজেজ বারেবারে বদলাবেন না: যন্ত্রপাতি পরীক্ষা করে নিন।
- বৈদ্যুতিক যন্ত্রপাতি কেনার সময় দেখে নিন ব্রিটিশ বা ইউরোপিয়ান সুরক্ষা চিহ্ন যেন থাকে।
- সকেট ঘালসে যাওয়া, বিবর্ণ হয়ে যাওয়া বা ত্রুটিপূর্ণ অপারেশনের লক্ষণ দেখলে অবিলম্বে আমাদের রিপোর্ট করুন।
- যন্ত্রপাতি দিয়ে সকেট অত্যধিক বোঝাই করবেন না - প্রতি সকেটে একটাই প্লাগ রাখার চেষ্টা করুন।
- যদি আপনার বৈদ্যুতিক তারে পরিবর্তন করার প্রয়োজন হয় তাহলে আপনাকে প্রথমে আমাদের অনুমতি নিতে হবে। একজন দক্ষ ইলেক্ট্রিশিয়ানকে দিয়েই যেকোনো কাজ করানো উচিত।
- বিছানায় যাওয়ার আগে আপনার ইলেক্ট্রিক স্লাংকেটের প্লাগ খুলে রাখুন, যতক্ষণ না সারারাত সুরক্ষিতভাবে ব্যবহারের জন্য থার্মোস্ট্যাট নিয়ন্ত্রিত হচ্ছে।
- দেওয়ালের ওপর পড়ে যাওয়া আটকাতে পোর্টাবল হিটারগুলো সুরক্ষিত রাখুন।



আপনি কি জানতেন?



বৈদ্যুতিক যন্ত্রপাতি, তার এবং ওভারলোডেড সকেটসের কারণে প্রতি বছর বিশ্বে যুক্তরাজ্যে প্রায় 7,000 বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

সাবধানে মোমবাতি ব্যবহার করুন

মোমবাতি এবং টি লাইট উপযুক্ত হোল্ডারে রাখুন এবং পর্দা ও কাপড় থেকে দূরে রাখুন।

তাদের কখনও একা ছেড়ে যাবেন না।

সিগারেটস:

- স্টাব সিগারেট সঠিকভাবে বের করুন এবং সাবধানে ফেলুন।
- আপনি বাড়িতে ধূমপান করলে আপনার অয়াশট্রে সোফা বা চেয়ারে রাখবেন না। গভীর, ভারী এবং আগুন প্রতিরোধী উপযুক্ত অ্যাশট্রে ব্যবহার করুন।
- আপনি ক্লান্ত হয়ে পড়লে, প্রেসক্রিপশন অনুযায়ী ওষুধ খেলে বা আপনি মদ্যপান করার সময়ে ধূমপান করলে অতিরিক্ত সচেতন থাকুন। কখনও বিছানায় ধূমপান করবেন না।
- দেশলাই এবং লাইটার বাচ্চাদের থেকে দূরে রাখুন। শিশু-প্রতিরোধী লাইটার এবং দেশলাই বাল্ক কেনা বিবেচনা করুন।

ব্যাটারি চার্জ করুন

- ই-বাইক, ই-স্কুটার, মবিলিটি স্কুটার এবং মোবাইল ফোন যাতে লিথিয়াম-আইওএন ব্যাটারি থাকে, সেগুলো চার্জ দেওয়ার সময় সচেতন থাকুন। এই সব ব্যাটারি গুরুতর অগ্নিকাণ্ডের সঙ্গে সম্পর্কিত।
- এগুলো রাতে চার্জ দেওয়া এড়িয়ে চলুন এবং এমন ঘর ব্যবহার করুন যা আপনার পালানোর পথ থেকে দূরে এবং কার্যকরী স্মোক অ্যালার্ম রয়েছে। আরও পরামর্শের জন্য 'কিউরো লিথিয়াম ব্যাটারিজ' সার্চ করুন অথবা সাহায্যের জন্য আমাদের জিঞ্জেস করুন।

আগুন লাগলে মাথা ঠান্ডা রেখে দ্রুত কাজ করুন।
দরজা বন্ধ করুন এবং নিশ্চিত করুন প্রত্যেকে
নিরাপদভাবে জায়গা ছেড়েছেন। 999 এ কল করুন
এবং সঠিক ঠিকানা দিন।

আপনি যদি একটি বিকল্প ফরম্যাটে এই তথ্য চান তাহলে
যোগাযোগ করুন।



পালানোর পরিকল্পনা করুন

যদি আপনার বাড়িতে আগুন লাগে, প্রত্যেকে কি জানেন কীভাবে নিরাপদে বেরোতে হয়? আপনার অপশনগুলো দেখুন এবং পরিকল্পনা করুন যাতে আপনার বাড়ির প্রত্যেকে জানে আগুন লাগলে কীভাবে পালাতে হয়।

- সাধারণত সেরা রুট হল আপনার বাড়ি ঢোকা ও বেরোনোর স্বাভাবিক রাস্তা। যদি আপনার স্বাভাবিক রাস্তা অগ্নিকাণ্ডে অবরুদ্ধ হয়ে পড়ে তাহলে আপনি কীভাবে বেরোবেন? বেরোনোর দ্বিতীয় রাস্তা ভাবুন, যা আপনার বাড়ির প্রত্যেকে ব্যবহার করতে পারেন।
- আপনার বাড়ির বেরোনোর রাস্তাটি পরিষ্কার রাখুন, যাতে আগুন লাগলে মানুষজন পালাতে পারেন।
- সহজেই যাতে দরজা-জানলার চাবি খুঁজে পাওয়া যায় নিশ্চিত করুন।
- আপনি যদি ফল্লাটের একটি রুকে থাকেন তাহলে নিজেকে সরিয়ে নেওয়ার পদ্ধতি জানুন। এটা 'ফায়ার অ্যাকশন নোটিশ'-এ ব্যাখ্যা করা হবে এবং আপনার রুকের প্রধান প্রবেশপথের ঠিক ভেতরেই ডিসপ্লে করা হবে। বিল্ডিংয়ে আগুন লাগলে কখনও লিফট ব্যবহার করবেন না।

সর্তক থাকুন-নিশ্চিত করুন আপনার পালনোর পথে সিঁড়ি বা হলওয়ে কোনো জিনিস দ্বারা অবরুদ্ধ নেই

যদি আপনার পালনোর পথের পরিকল্পনা করতে সাহায্যের প্রয়োজন হয় অথবা আপনার সম্পত্তি খালি করতে সমস্যা মনে হলে আমাদের সঙ্গে
01225 366000 নম্বরে যোগাযোগ করুন।

শোবার রুটিন করুন

রাতে দরজা বন্ধ করার অভ্যাস করুন। যদি আপনি বাচ্চার শোবার ঘরের দরজা খোলা রাখতে চান তাহলে লাউঞ্জ ও রান্নাঘরের দরজা বন্ধ করুন। এতে রাতে অগ্নিকাণ্ড ঘটলে তা ঘরের মধ্যে দ্রুত ছড়িয়ে পড়তে পারবে না।

টিপ্পি এবং অন্যান্য বৈদ্যুতিক জিনিস চালিয়ে রাখবেন না এবং ক্রিস্টমাসের সময় রাতে ক্রিস্টমাস ট্রি লাইট অফ করে রাখুন।

আপনার গৃহসজ্জা সম্পর্কে ভাবুন

দেখে নিন আপনার ফার্নিচার ব্রিটিশ স্ট্যান্ডার্ড পূরণ করে কিনা। তিনি এবং ফার্নিচারের লেবেলে যেন কাইট মার্ক থাকে। এর অর্থ এতে অগ্নি-প্রতিরোধী ফিলিং রয়েছে এবং অগ্নিকাণ্ডে বিষাক্ত ধোয়া ছড়ায় না।

গৃহসজ্জার সামগ্রী তাপের উৎস যেমন আগুন, হিটার এবং মোমবাতি থেকে দূরে রয়েছে নিশ্চিত করুন।

রান্নাঘর সুরক্ষিত রাখুন

- গরম তেলে রান্না করার সময় সর্তক থাকুন। থার্মোস্ট্যাট দ্বারা নিয়ন্ত্রিত ডিপ-ফ্যাট ফ্রাইয়ার কেনার কথা ভাবুন।
- রান্নার সময় সচেতন না থাকার ফলে অনেক অগ্নিকাণ্ড ঘটে। যদি আপনি হব বা গ্রিল ব্যবহার করে রান্না করেন তাহলে রান্নাঘর ছেড়ে যাবেন না এবং হব বা ওভেন চালানো থাকলে বাচ্চাদের রান্নাঘরে একা ছেড়ে যাবেন না। গরম ফ্যাট, তেল এবং খাবার সহজেই ওভারহিট হতে পারে এবং আগুন লাগতে পারে।
- যদি আপনি ওভেন ব্যবহার করেন তাহলে টাইমারও ব্যবহার করুন।
- অগ্নিকাণ্ডের ঝুঁকি কমাতে রান্নার বৈদ্যুতিক সরঞ্জাম এবং এক্সট্রাস্টেল ফ্যান পরিষ্কার রাখুন।
- রান্নাঘরে আগুন লাগলে তা মোকাবিলা করার চেষ্টা করবেন না। সম্ভব হলে নিরাপদে অঁচ নেভান, রান্নাঘরের দরজা বন্ধ করুন, জায়গা থেকে বেরিয়ে আসুন এবং **999** নম্বরে কল করুন।
- কখনো ভেতরে ক্যাম্পিং স্টোভ বা BBQ ব্যবহার করবেন না।

যদি আপনার ব্যালকনি থাকে, তাহলে অনুগ্রহ করুন:

- ব্যালকনিতে কোনো খোলা আগুন, BBQ বা এই জাতীয় অন্য কিছু রাখবেন না।
- যেসব জিনিস থেকে আগুন ধরতে পারে সেগুলো ন্যূনতম রাখার চেষ্টা করুন। কিছু গাছ ঘরোয়া, কিন্তু অনেকগুলো আগুন ছড়িয়ে দিতে পারে।
- আপনার ব্যালকনিতে বিপজ্জনক পদার্থ যেমন গ্যাস বোতল বা দাহ্য তরল এমনকি মোটরবাইক রাখবেন না।
- আবহাওয়ার পরিবর্তন হলে বা কেবলের ক্ষতি হলে আপনার ব্যালকনির বাইরে বৈদ্যুতিক কেবল চালাবেন না।
- আপনি ব্যালকনিতে ধূমপান করলে সেটা সম্পূর্ণ নিভিয়ে সেফ কন্টেনারে ফেলুন এবং প্রতিদিন কন্টেনার খালি করুন।

দয়া করে এই গুরুত্বপূর্ণ তথ্যটি হাতের কাছে কোথাও রাখুন

যোগাযোগ রাখুন।

এটি বুক করুন, পে করুন, চেক করুন - কাজগুলি সম্পন্ন করুন MyCuro-তে দ্রুত
www.curo-group.co.uk/mycuro

লাইভ চ্যাট, ফেসবুক, টুইটার, ইমেল এবং আরও অনেক কিছু
www.curo-group.co.uk/contact